অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/20/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল রেনসেলার মালভূমিতে 1,175 একর অধিগ্রহণের ঘোষণা করলেন

পিটসটাউন স্টেট বনের সাথে সংযোজন খাবার পানির সরবরাহ এবং অতি গুরুত্বপূর্ণ বন্যপ্রাণীর আবাস রক্ষা করবে, বিনোদনের সুযোগ বৃদ্ধি করবে এবং টেকসই বনায়নের প্রচার করবে

ন্যাট সিমসের সৌজন্যে পাওয়া রেনসেলার মালভূমির ছবি এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে গ্র্যাফ্টন টাউনের রেনসেলার মালভূমিতে (Rensselaer Plateau) পিটসটাউন স্টেট বনের (Pittstown State Forest) সংলগ্ন 1,175 একর বনজ ভূমির স্থায়ী সুরক্ষা ঘোষণা করলেন। নিউ ইয়র্ক স্টেটের বিশ্ব সপ্তাহের অংশ হিসেবে ঘোষিত রেনসেলার মালভূমি জোট (Rensselaer Plateau Alliance, RPA) থেকে সাম্প্রতিক অধিগ্রহণ পিটসটাউন স্টেট বনের আকার দ্বিগুণ করবে, অতি গুরুত্বপূর্ণ খোলা স্থান সংরক্ষণ করবে, এবং স্থানীয় অর্থনীতির সমর্থনে বিনোদনের সুযোগ সম্প্রসারণ করবে।

"নিউ ইয়র্ক স্টেট খোলা স্থান সংরক্ষণ ও উন্নয়নে নিবিড় মনোযোগ প্রদান করছে এবং ক্যাপিটল থেকে সামান্য দূরত্বে অবস্থিত রেনসেলার মালভূমি অ্যালবানির ব্যস্ত ডাউনটাউন থেকে ছুটি নিয়ে ঘরের বাইরে ঘুরে আসার দুর্দান্ত একটি স্থান," **গভর্নর হোকল বলেন।** "পিটসটাউন স্টেট বনে আজকের সংযোজন যা এর আকার দ্বিগুণের বেশি করে, স্থানীয় বাসিন্দা এবং বেড়াতে আসা মানুষের জন্য বিস্তৃত ঘরের বাইরের বিনোদনের সুযোগ প্রদান করবে এবং একইসাথে মূল্যবান খোলা স্থান এবং রেনসেলার মালভূমিকে সংজ্ঞায়িত করা অনন্য জলাভূমি সম্প্রদায়সমূহকে রক্ষা করবে।"

অধিগ্রহণের 900 একরের বেশি পূর্বে গান্ডরাম লগিং এবং লাম্বারের (Gundrum Logging and Lumber) মালিক, গান্ডরাম পরিবারের মালিকানাধীন ছিলো। রেনসেলার মালভূমি জোট রাইনার্ড গান্ডরামের থেকে 2016 সালে 927 একর ক্রয় করে, এবং পরবর্তীতে দ্য কনজারভেটিভ ফান্ডের (The Conservation Fund) সহায়তায় অন্য মালিকদের সাথে তিনটি পৃথক লেনদেনে অতিরিক্ত 248 একর সংলগ্ন জমি ক্রয় করে।

সম্পত্তিটি নিউ ইয়র্ক স্টেট খোলা স্থান পরিকল্পনা (New York State Open Space Plan) এবং রেনসেলার মালভূমি আঞ্চলিক কনজারভেশন পরিকল্পনা (Rensselaer Plateau Regional Conservation Plan) উভয়ের অধীনে অগ্রাধিকার ভিত্তিক অধিগ্রহণ ছিলো। এনভায়রনমেন্টাল কনজারভেশন ডিপার্টমেন্টের (Department of Environmental Conservation, DEC) এনভায়রনমেন্টাল প্রোটেকশন তহবিলের (Environmental Protection Fund, EPF) অর্থ ব্যবহার করে সম্পত্তিটি 894,000 মার্কিন ডলার দিয়ে RPA-র থেকে ক্রয় করেছে। [2022-23 স্টেট বাজেটের (State Budget) বহু পরিবেশগত বিজয়ের]() মধ্যে গভর্নর হোকল EPF-কে 300 মিলিয়ন মার্কিন ডলার থেকে বৃদ্ধি করে 400 মিলিয়ন মার্কিন ডলার করার প্রণয়নে সফল হয়েছেন, এটি কর্মসূচির ইতিহাসে সর্বকালের সর্বোচ্চ অর্থায়ন। EPF জলবায়ু পরিবর্তন প্রশমন এবং অভিযোজন প্রচেষ্টা সমর্থন করে, টেকসই কৃষির প্রসার করতে কৃষি সংস্থানের উন্নয়ন করে, আমাদের পানির উৎস রক্ষা করে, কনজারভেশন প্রচেষ্টা অগ্রসর করে, এবং নিউ ইয়র্কবাসীর জন্য বিনোদনমূলক সুযোগ প্রদান করে। এছাড়াও বাজেট স্টেটের জলাভূমি সুরক্ষা কর্মসূচি উন্নত করতে গভর্নরের প্রতিশ্রুতি পূরণে সাহায্য করে, এটি আনুমানিক এক মিলিয়ন অতিরিক্ত একর অরক্ষিত জলাভূমি আবাস নিরাপদ করে এবং নিউ ইয়র্কবাসীকে জলবায়ু পরিবর্তন দ্বারা চালিত বর্ধিত বন্যা এবং তীব্র ঝড়ের সাথে মানিয়ে নিতে সাহায্য করে।

এনভায়রনমেন্টাল কনজারভেশন ডিপার্টমেন্টের কমিশনার বেসিল সেগোস বলেন, "যেমনটি গভর্নর হোকলের সাম্প্রতিক পরিবেশ বাজেট প্রদর্শন করে, আমাদের কাছাকাছি বন্য ও প্রাকৃতিক স্থান সংরক্ষণে নিউ ইয়র্ক স্টেটের অঙ্গীকার অন্য যেকোনো সময়ের থেকে বেশি দৃঢ়। DEC এই সম্পত্তিগুলিকে টেকসই কার্যকর বন এবং সেইসাথে সকল নিউ ইয়র্কবাসীদের জন্য পুরো বছরের বিনোদনমূলক সুযোগের জন্য সংরক্ষণ করছে। আমরা এইসব ভূমি নিরাপদ করা এবং তাদের সুরক্ষিত অবস্থা নিশ্চিত করার ক্ষেত্রে একই দর্শনের জন্য রেনসেলার মালভূমি জোট, দ্য কনজারভেশন ফান্ড, গান্ডরাম পরিবার, এবং DEC আঞ্চলিক বন কর্মকর্তা বিল শ্রোঙ্গারের প্রতি কৃতজ্ঞ।"

স্টেট সিনেটর ড্যাফনি জর্ডান বলেন, "মানুষ, বন্যপ্রাণী এবং তাদের আগামী প্রজন্মগুলি এটি জেনে আনন্দিত হতে পারে যে রেনসেলার মালভূমির অতিরিক্ত 1,175 একর স্থায়ীভাবে পিটসটাউন স্টেট বনের একটি সংযোজন হিসেবে সুরক্ষিত থাকবে। জমিটিতে এমন বন ও জলাভূমির ইকোসিস্টেম রয়েছে যা বহু প্রাণী, পাখি, এবং গাছকে সমর্থন করে। এছাড়াও এখানে এমন ঝর্ণা রয়েছে যা রেনসেলার কাউন্টির 135,000 জনের জন্য টমহ্যানোক জলাধারে (Tomhannock Reservoir) পানি সরবরাহ করে। রেনসেলার মালভূমি জোটকে এই জমিটিকে একটি সংরক্ষণ প্রকল্প বানানোর ক্ষেত্রে তাদের দূরদর্শিতা এবং উদ্যমের জন্য অভিনন্দন, এটি আবাস, দেখার ছায়াস্থান, পানির উৎস রক্ষা করে এবং সকলের জন্য হাইক ও বাইরের আনন্দকে বাস্তবে পরিণত করে। এটি দুর্দান্ত উদাহরণ যে একদল আগ্রহী মানুষ, দ্য কনজারভেশন ফান্ড এবং স্টেটের এনভায়রনমেন্টাল প্রোটেকশন ফান্ড একত্রে মিলে কী কী অর্জন করতে পারে।"

রেনসেলার মালভূমি জোটের নির্বাহী পরিচালক জিম বোনেস্টিল বলেন, "আমরা এই ভূমি সংরক্ষণে ভূমিকা রাখতে পেরে অত্যন্ত আনন্দিত। আমরা ভবিষ্যৎ প্রজন্মের জন্য এই জমি সংরক্ষণে তাদের দর্শনের জন্য এবং বিক্রির লেনদেন সম্ভব করতে এই জমির একটি অংশ দান

করার জন্য গান্ডরাম পরিবারের প্রতি অতি কৃতজ্ঞ। আমরা DEC এবং দ্য কনজারভেশন ফান্ডের সাথে আমাদের দৃঢ় অংশীদারিত্বের কদর করি, যাদের ছাড়া আমরা এটি করতে পারতাম না।"

দ্য কনজারভেশন ফান্ডের ভাইস প্রেসিডেন্ট এবং উত্তরপূর্বের প্রতিনিধি টম ডাফাস বলেন, "জমি কনজারভেশনের জন্য সময় এবং শূন্যস্থান পূরণের জন্য নিবেদিত অংশীদার প্রয়োজন যাতে ফলস্বরূপ অ্যালবানি ক্যাপিটাল জেলা (Albany Capital District) থেকে দৃশ্যমান পিটসটাউন স্টেট বনের মতো কাছের সম্প্রদায়সমূহ এবং পরিবেশের জন্য একাধিক সুবিধা লাভ করা যায়। বন আমাদেরকে অনেক বেশি অত্যাবশ্যকীয় সংস্থান প্রদান করে, যেমন, পরিষ্কার পানি ও বায়ু, বিনোদনমূলক সুযোগ এবং কাঠের চাকরি, এবং আমরা এলাকার আরো কার্যকর বনভূমি রক্ষা করার জন্য রেনসেলার মালভূমি জোট এবং DEC-র সাথে একত্রে কাজ চালিয়ে যাবো।"

রাইনার্ড গান্ডরাম জুনিয়র, যার পরিবার জমিটি বিক্রি করেছে, বলেন, "আমার পরিবারের বনভূমির অংশ থাকাকালীন প্রায় 30 বছর ধরে এই ট্র্যাক্টটি লগিং করার পর, আমি সবসময় এই ধারণায় বিশ্বাস করেছি যে গ্র্যাফ্টন বনকে কার্যকর বন হিসেবেই রাখা উচিত, এবং আমার ইচ্ছা ছিলো এই জমির ভবিষ্যতের দায়িত্ব নিউ ইয়র্ক স্টেটকে বিশ্বাস করে অর্পণ করা। আমরা কয়েক দশক ধরে স্টেটের জমিতে লগিং করেছি এবং DEC-র স্থানীয় বন কর্মকর্তাদের সাথে আমাদের দারুণ সম্পর্ক রয়েছে। আমি জানি স্টেট তার স্থানীয় বন কর্মকর্তাদের মাধ্যমে বনটিকে সঠিকভাবে ব্যবস্থাপনা করবে।"

প্রাক্তন গান্ডরাম ভূমিতে রয়েছে রেনসেলার মালভূমি আঞ্চলিক কনজারভেশন পরিকল্পনায় সনাক্ত করা উল্লেখযোগ্য প্রাকৃতিক এলাকাসমূহ, যার মধ্যে একাধিক গুরুত্বপূর্ণ জলাভূমি ইকোসিস্টেম রয়েছে। এটি মালভূমির সর্ববৃহৎ অক্ষত বনগুলির মধ্যে একটি এবং এখানে শত শত একর উচ্চমানের বনজ ইকোসিস্টেম রয়েছে যেখানে বহু ধরনের বন্যপ্রাণী বাস করে যেমন মুজ হরিণ, ববক্যাট, কালো ভালুক এবং উভচর, সরীসৃপ ও পাখির বহু প্রজাতি। এই জমির ঝর্ণাসমূহ টমহ্যানোক জলাধারে পরিষ্কার পানি সরবরাহ করে, এটি ট্রয়, পূর্ব গ্রিনবুশ, উত্তর গ্রিনবুশ, পোয়েস্টেনস্কিল, এবং ব্রান্সউইকের 135,000 জন মানুষের খাবার পানি সরবরাহ করে। একাধিক পাথুরে আউটক্রপিংয়ের কারণে উত্তর হাডসন ভ্যালি, অ্যাডিরন্ড্যাক এবং গ্রিন মাউন্টেইনসের দুর্দান্ত দৃশ্য দেখা যায়।

রেনসেলার মালভূমি জোট মালভূমির বন এবং গুরুত্বপূর্ণ বন্যপ্রাণীর এলাকা সংরক্ষণ প্রকার ও সম্ভব করতে সম্প্রদায়ের সাথে কাজ করে। বৈচিত্র্যময় সংস্থা ও ব্যক্তির এই জোট একটি সাধারণ দর্শনে বিশ্বাস করে যে এখন থেকে 100 বছর পরেও মালভূমিটি একটি বড় বন হিসেবেই থাকবে এবং হাজার হাজার মানুষকে পরিষ্কার পানি প্রদান করবে, বন্যপ্রাণীর আবাস হয়ে থাকবে, স্থানীয় অর্থনীতিকে সমর্থন করবে এবং অন্যান্য আরো অনেক সুবিধা প্রদান করবে।

কনজার্ভেশন ফান্ড (Conservation Fund) হলো আমেরিকায় সংরক্ষণমূলক কার্যক্রমের জন্য নিবেদিত একটি জাতীয় অলাভজনক সংস্থা। পরিবেশগত এবং অর্থনৈতিকভাবে সঙ্গত সমাধান তৈরি করার মাধ্যমে এই ফান্ড আমাদের ভবিষ্যত সমৃদ্ধির ক্ষেত্রে এটির অপরিহার্য ভূমিকা তুলে ধরার জন্য সংরক্ষণ ক্রিয়াকলাপের সংজ্ঞাকে পাল্টে দিচ্ছে। এর ওয়ার্কিং ফরেস্ট ফান্ড

(Working Forest Fund®) এর মাধ্যমে এর লক্ষ্য হলো জলবায়ু পরিবর্তন প্রশমিত করা, গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করা এবং প্রাকৃতিক বাস্তুসংস্থান সুরক্ষিত রাখার জন্য ঝুঁকিতে থাকা পাঁচ মিলিয়ন একর ওয়ার্কিং ফরেস্ট স্থায়ীভাবে সংরক্ষণ করা। কর্মদক্ষতা ও কার্যকারিতার জন্য শীর্ষ অবস্থানে থাকা এই ফান্ড 1985 সাল থেকে 50টি স্টেটের সবগুলোতে আট মিলিয়ন একরের বেশি ভূমি সুরক্ষিত রাখতে কাজ করেছে যার মধ্যে প্রায় 493,000 একর ভূমি হলো নিউ ইয়র্কে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন